ইত্তেফাক

৪৬

তারিখ ৯।১১।৮১
পৃষ্ঠা

## চট্টগ্রাম চারুকলা কলেজ প্রসঙ্গে

বন্দরনগরী চট্টগ্রামে ১৯৭৩ সালের ৩রা আগষ্ট প্রতিষ্ঠিত হয় চারুকলা কলেজ। চট্টগ্রামের মত শহরেও এমন একটা প্রতিষ্ঠানের অস্তিত্ব রক্ষা ছিল অনেক কষ্টসাধ্য ব্যাপার। তবুও অনেক চড়াই-উৎরাই পার হইয়া আজও অনেক সমস্যা নিয়া চট্টগ্রাম চারুকলা কলেজ টিকিয়া আছে। কিন্তু আজ পর্যন্ত এর সরকারীকরণের কোন বাস্তব পদক্ষেপ গ্রহণ করা হয় নাই। কলেজ প্রতিষ্ঠার পর হইতে এজন্য চেষ্টা করা হইলেও কোন সমাধান হয় নাই। এরফলে শিক্ষকমণ্ডলীর ভবিষ্যৎ নিশ্চয়তা না থাকার দরুন তাঁরাও অন্যত্র চলিয়া যাইতে বাধ্য হন এবং ছাত্র ছাত্রীরাও চরম হতাশায় ভুগিতেছে। চট্টগ্রাম শহরে একটিমাত্র চারুকলা কলেজ থাকা সত্ত্বেও বিভিন্ন সমস্যার আবর্তে কলেজের অস্তিত্ব বজায় রাখাই কঠিন হইয়া দাঁড়াইয়াছে। কলেজ চত্বরে যদিও কর্মচারীদের বাসস্থানের ব্যবস্থা করা হইয়াছে কিন্তু শিক্ষকদের এমনকি অধ্যক্ষের জন্য নির্দিষ্ট কোন বাসস্থানের ব্যবস্থা নাই এবং ছাত্র ছাত্রীদের কোন ছাত্রাবাসও নাই। কলেজের সমস্যা সমাধান এবং শিক্ষার পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষা বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তাগণের কাছে বিনীত অনুরোধ জানাইতেছি।

—রওশন আরা, ৩য় বর্ষ
চারুকলা কলেজ, চট্টগ্রাম।